বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

**কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ**

www.kb.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সূত্র নং- ৫৩.১৭.০০০০.১১০.০৮.০০৫.১৪-২৮(২৯৮) তারিখ: ০৭ জুলাই ২০২১

সকল বিভাগীয় উপমহাব্যবস্থাপক/
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/
আঞ্চলিক ব্যবস্থাপক/শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

**বিষয় : করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার ০৫ জুলাই ২০২১ তারিখের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩ এবং বাংলাদেশ ব্যাংক, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর ০৬ জুলাই ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় পূর্বের সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় ০৮ জুলাই ২০২১ হতে ১৪ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিত করা সংক্রান্ত উপর্যুক্ত পত্রসমূহে বর্ণিত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত

০৭/০৭/২০২১

**(মোঃ আলা উদ্দিন)**
উপমহাব্যবস্থাপক
ফোন : ০২-৪১০৫০৫৭১

সূত্র নং- ৫৩.১৭.০০০০.১১০.০৮.০০৫.১৪-২৮(২৯৮)/২১ তারিখ: ০৭ জুলাই ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট থেকে সংগ্রহের অনুরোধসহ) :**

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/ পরিচালন/ নিরীক্ষা/হিসাব) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপমহাব্যবস্থাপক মহোদয়কে পত্রটি (সংযুক্তি সহকারে) ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো;
৬. বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৭. অফিস নথি।

০৭.০৭.২০২১

**(মোছা: জেবুন নাহার নাছরিন)**
সহকারী মহাব্যবস্থাপক
ফোন : ০২-৪১০৫০৫৭৩

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৮

তারিখ : ২২ আষাঢ় ১৪২৮ / ০৬ জুলাই ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত**
**বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সরকার কর্তৃক ইতঃপূর্বে আরোপিত বিধি-নিষেধের মেয়াদ ১৪ জুলাই ২০২১ পর্যন্ত বর্ধিত করার প্রেক্ষিতে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে ৩০ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

০১। সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার ও শনিবার এবং ১১ জুলাই ২০২১ রবিবার ব্যাংক বন্ধ থাকবে।

০২। ৮ জুলাই ২০২১ হতে ১৪ জুলাই ২০২১ পর্যন্ত ব্যাংকিং লেনদেনের সময়সূচি হবে নিম্নরূপঃ

| ব্যাংকিং লেনদেন সময়সূচি | লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল |
|---|---|
| সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত | অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত। |

০৩। ৩০ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর ৩ (ক-ঘ) নম্বর ক্রমিকে উল্লেখিত বিভাগ/শাখাসমূহ ছাড়াও সামাজিক দূরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্য বিধি পরিপালন নিশ্চিত করে সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে ব্যাংক স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখতে পারবে।

০৪। ৩০ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এ প্রদত্ত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯৩

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩

তারিখ: ২১ আষাঢ় ১৪২৮ / ৫ জুলাই ২০২১

**বিষয়: করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিতকরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২০৩ তারিখ: ৩০.০৬.২০২১

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় পূর্বের সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় সূত্রস্থ স্মারকের নির্দেশনার অনুবৃত্তিক্রমে **০৭ জুলাই ২০২১ তারিখ মধ্যরাত হতে ১৪ জুলাই ২০২১ তারিখ দিবাগত রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত** এ বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিত করা হলো।

২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫.০৭.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

**১। সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ**
**২। বিভাগীয় কমিশনার (সকল)**

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।